

আমরা সবাই চিঠি রে ভাই লিরিক্স:-

চিঠির মতো চিনে চিনে,
তোমার বাড়ির পথে যাই যদি।
জানাতে চাই ভিতর ভিতর,
উথাল পাথাল হল কথার নদী।

বাইরে খামে ডাকের টিকিট,
শান্ত হাতে নাও ঠিকানা লেখা।
ভিতর কাঁপে, অপেক্ষাতে,
কখন চিঠি পাবে তোমার দেখা।

আমরা সবাই চিঠি রে ভাই,
ডাকের টানে যাই ভেসে যাই।
বলতে ডরাই, মুখ বুজে তাই
প্রেমের ডাকে যাই ভেসে যাই।

কয়দিনে মুখ খুলবে চিঠির,
কেউ জানে না কয় জোড়া হাত ঘুরে।
কারোর চিঠি অল্প যাবে,
কারোর চিঠি যাবে অনেক দূরে।

কারোর চিঠি ফিরবে ঘরে,
ছটফটানো মনের কোনো ভুলে।
আমার চিঠি শিউরে ওঠে,
খামের গায়ে তোমার আঙুল ছুলে।

আমরা সবাই চিঠি রে ভাই,
ডাকের টানে যাই ভেসে যাই।
বলতে ডরাই, মুখ বুজে তাই
প্রেমের ডাকে যাই ভেসে যাই। (x2)